

## 📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৫৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৫৬]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ১৮: যে ব্যক্তি দু' সালাত একত্রে আদায় করবে, প্রথম সালাতের ওয়াক্তে তার আযান

الأذان لمن يجمع بين الصلاتين في وقت الأولى منهما

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ هَارُونَ، قَالَ: حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، قَالَ: أَنْبَأَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ، عَنْ أَبِيهِ، أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، قَالَ: سَارَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَتَى عَرَفَةَ، فَوَجَدَ الْقُبَّةَ قَدْ ضُرِبَتْ لَهُ بِنَمْرَةٍ، فَنَزَلَ بِهَا حَتَّى إِذَا زَاغَتِ الشَّمْسُ أَمَرَ بِالْقَصَوَاءِ فَرُحِلَتْ لَهُ، حَتَّى إِذَا انْتَهَى إِلَى بَطْنِ الْوَادِي خَطَبَ النَّاسَ، ثُمَّ أَذَّنَ بِلَالٍ، ثُمَّ أَقَامَ فَصَلَّى الظُّهْرَ، ثُمَّ أَقَامَ فَصَلَّى الْعَصْرَ، وَلَمْ يُصَلِّ بَيْنَهُمَا شَيْئًا .

تخريج دارالدعوة: انظر حديث حديث رقم: ٦٠٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 656 - صحيح

বাংলা

৬৫৫. ইব্রাহীম ইবনু হারুন (রহ.) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) সফর করে 'আরাফায় পৌছলেন। সেখানে পৌছে দেখলেন যে, নামিরাহ্ নামক স্থানে তার জন্যে তাবু স্থাপন করা হয়েছে। তিনি (সা.) সেখানে নামলেন। যখন সূর্য ঢলে পড়ল কসওয়া নামক উস্তীর পিঠে হাওদা স্থাপন করার জন্যে নির্দেশ দিলেন। তার জন্যে হাওদা স্থাপন করা হলো, এরপর তিনি (সা.) বাতনি ওয়াদী নামক জায়গায় পৌছার পরে লোকেদের উদ্দেশে ভাষণ দিলেন। তারপর বিলাল (রাঃ) আযান দিলেন এবং ইকামত বললেন, রাসূলুল্লাহ (সা.) যুহরের সালাত আদায় করলেন। আবার বিলাল (রাঃ) ইকামত বললে তিনি 'আসরের সালাত আদায় করলেন। আর এ দু' সালাতের মধ্যবর্তী সময়ে তিনি আর কোন সালাত আদায় করলেন না।

English

## 18. Adhan For One Who Is Combining Two Prayers At The Time Of The Earlier Prayer

Ja'far bin Muhammad narrated from his father, that Jabir bin 'Abdullah said: The Messenger of Allah (ﷺ) traveled until he came to 'Arafah, where he found that the tent had been pitched for him in Namirah, so he stopped there. Then when the sun had passed its zenith he called for Qaswa'[1] and she was saddled for him. Then when he reached the bottom of the valley he addressed the people. Then Bilal called the Adhan, then he said the Iqamah and he prayed Zuhr, then he said the Iqamah and prayed 'Asr, and he did not offer any prayer in between them.

[1] The name of the Prophet's (ﷺ) mount which was a she-camel.

### ফুটনোট

সহীহ: মুসলিম ১২১৮ (এটি একটি দীর্ঘ হাদীসের অংশ বিশেষ)। [দ্রঃ ৬০৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87029>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন